

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৪০

১/ পবিত্ৰতা অৰ্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২৯. জুমু'আর সালাতের জন্য গোসল করা

باب فِي الْغُسْلِ يَوْمَ الْجُمْعَةِ

আরবী

حَدَّثَنَا أَبُو تَوْبَةَ الرَّبِيعُ بْنُ نَافِعٍ، أَخْبَرَنَا مُعَاوِيَةُ، عَنْ يَحْيَى، أَخْبَرَنَا أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، أَنَّ أَبَا هُرَيْرَةَ، أَخْبَرَهُ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ بَيْنَا هُوَ يَخْطُبُ يَوْمَ الْجُمُعَةِ إِذْ لَرَجُلُ، فَقَالَ عُمَرُ : أَتَحْتَبِسُونَ عَنِ الصَّلَاةِ؟ فَقَالَ الرَّجُلُ : مَا هُوَ إِلَّا أَنْ سَمِعْتُ النِّدَاءَ فَتَوَضَّأْتُ . فَقَالَ عُمَرُ : وَالْوُضُوءَ أَيْضًا أَولَمْ تَسْمَعُوا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَقُولُ "إِذَا أَتَى أَحَدُكُمُ الْجُمُعَةَ فَلْيَغْتَسِلْ"

_ صحيح

বাংলা

৩৪০। আবূ সালামাহ ইবনু 'আবদুর রহমান সূত্রে বর্ণিত। তিনি বলেন, আবূ হুরাইরাহ্ (রাঃ) তাকে অবহিত করেন যে, একদা 'উমার ইবনুল খাত্তাব (রাঃ) জুম্মার খুতবা দিচ্ছিলেন। এমন সময় এক ব্যক্তি প্রবেশ করলে 'উমার (রাঃ) তাকে বললেন, জুম্মার সালাতে (সঠিক সময়ে উপস্থিত হতে) তোমাদের কিসে বাঁধা দিল? লোকটি বলল, না, বিষয়টি তেমন নয়। বরং আযান শোনার পরই আমি অযু করে (এখানে এসেছি, কেবল এই সময়টুকুই বিলম্ব হয়েছে)। 'উমার (রাঃ) বললেন, শুধু অযুই করেছ? তোমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে বলতে শোনোনিঃ তোমাদের কেউ জুম্মার সালাতে গেলে যেন গোসল করে নেয়?[1]

সহীহ।

English

Abu Hurairah said:

While 'Umar b. al-Khattab was making a speech on Friday (in the mosque), a



man came in. 'Umar said: Are you detained from prayer? The man said: As soon as I heard the call for prayer, I perfumed ablution. Then 'Umar said: Only ablution? Did you not hear the Messenger of Allah (ﷺ) say: When any one of you comes for Friday (prayer) he should take a bath.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ জুমু'আহ, হাঃ ৮৮২), মুসলিম (অধ্যায়ঃ জুমু'আহ) উভয়ে ইয়াহইয়া ইবনু আবূ কাসীর সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন